

১২  
দৈনিক খবর

08 JUN 1993

### রাজশাহী শিক্ষা বোর্ড চেয়ারম্যানের নির্দেশ

রংপুর, ৭ই জুন (গিয়ারকড আলী বাদল)।- আগামী ১৭ই জুন থেকে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষায় রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ নতুন কড়াকড়ি পদ্ধতি প্রয়োগ করবে।

জানা যায়, সুসংগতি রাজশাহী শিক্ষা বোর্ড চেয়ারম্যান রংপুর আসেন। তিনি জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এক সভায় নির্দেশ দেন যে, পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্রে দায়িত্বরত ম্যাজিস্ট্রেটগণ উচ্চতর প্রদর্শনকারী ছাত্রকে বহিষ্কার করবেন। এমনকি কোন পরীক্ষার্থী অন্য কোন পরীক্ষার্থীর সাথে কথা বলার চেষ্টা করলেও তিনি বহিষ্কারের নির্দেশ দেন। কোন ছাত্র উচ্চতরতায় লিপ্ত হলে দায়িত্বরত ম্যাজিস্ট্রেট তাকে গ্রেফতার করতে পারবেন। বোর্ড চেয়ারম্যান আরও নির্দেশ দেন যে, কোন কলেজ শিক্ষক তার নিজস্ব কলেজ কেন্দ্রের পরিদর্শক নিযুক্ত হতে পারবেন না। কোন কক্ষ থেকে পরীক্ষার্থী বহিষ্কৃত হলে সেই কক্ষে দায়িত্ব পালনকারী শিক্ষকও বহিষ্কৃত হবেন এবং তার বিরুদ্ধে ব্যবস্থা গৃহীত হবে।